

শিক্ষার গুণগত মান কমেছে

■ ইত্তেফাক রিপোর্ট

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তদের শিক্ষার গুণগত মান কমেছে। ব্র্যাক ইউনিভার্সিটির ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ডেভেলপমেন্টের 'বাংলাদেশ শাসন পরিস্থিতি' শীর্ষক এক বার্ষিক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। গতকাল রবিবার রাজধানীর মহাখালীতে ব্র্যাক ইনস্টিটিউটে এ প্রতিবেদন প্রকাশ করা হয়।

অনুষ্ঠানে ব্র্যাক ইউনিভার্সিটির ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ডেভেলপমেন্টের সিনিয়র রিসার্চ অ্যাসোসিয়েট সাইদা সেলিম আজিজ শিক্ষা শাসন পরিস্থিতির বিষয়ে জানান, জিপিএ-৫-এর মান দ্রুত কমেছে।

২০০৩ সালে যেখানে জিপিএ-৫ পেয়েছিলেন মাত্র ২০ জন। সেখানে ২০১৩ সালে এই সংখ্যা ২ হাজার ৩৭৬ গুণ বেড়ে ৪৭ হাজার ৫৩০ হয়েছে। অথচ এই সময়ে পাসের সংখ্যা বেড়েছে মাত্র ৩ গুণ।

২০১৩-১৪ শিক্ষাবর্ষে জিপিএ-৫ পাওয়া ৭০ শতাংশ শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য পাস নম্বর পায়নি। গত তিন বছরে ৫১ শতাংশ, ৫২ শতাংশ ও ৫৫ শতাংশ হারে শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অকৃতকার্য হয়েছেন।